গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

## National Technical Regulatory Committee (NTRC) এর ৪র্থ সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | এস এম ফেরদৌস আলম<br>অতিরিক্ত সচিব<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভারতারিখ | ঃ | ০৩-০১-২০২২ খ্রিঃ |
| সময় | ঃ | সকাল ১০.৩০ ঘটিকা |
| সভাস্থল | ঃ | কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর এর সভা কক্ষ |
| উপস্থিতি | ঃ | সভায় অংশগ্রহণকারী সদস্যগণের তালিকা (পরিশিষ্ট"ক")। |

সভাপতি, NTRC সভার শুরুতে উপস্থিত অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানান এবং সদস্য সচিব পরিচালক, কৃত্রিম প্রজননকে সভার আলোচ্যসূচী অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের আহবান করেন।

২। পরিচালক, কৃত্রিম প্রজনন পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। প্রফেসর ড. এ.কে ফজলুল হক ভূঁইয়া, প্রাণি প্রজনন ও কৌলিবিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ কার্যবিবরণী কোনরূপ সংশোধন ব্যতীত অনুমোদনের জন্য প্রস্তাব করেন। অতঃপর সদস্য সচিব আলোচ্যসূচী অনুযায়ী পূর্ববর্তী সভার সিদ্ধান্তের আলোকে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনায় বেসরকারী সংস্থা কর্তৃক শর্তসমূহ প্রতিপালনের অগ্রগতি প্রতিবেদন, বেসরকারী সংস্থা বা উদ্যোক্তা কর্তৃক ষাঁড়, গাভী/বকনা, সিমেন, এমব্রায়ো আমদানির আবেদনের বিষয়ে সংশ্লিষ্ট উপকমিটির সুপারিশ, বেসরকারী সংস্থাসমূহের বুল ষ্টেশন স্থাপন ও কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার জন্য নিবন্ধন/নবায়ন এবং বিবিধ বিষয় পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন।

৩। প্রফেসর ড. এ.কে ফজলুল হক ভূঁইয়া, প্রাণি প্রজনন ও কৌলিবিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ প্রাণিসম্পদ অধিদপ্তরের তত্ত্বাবধানে স্বীকৃত প্রতিষ্ঠান হতে মন্ত্রণালয় অনুমোদিত সিলেবাসের বিষয়বস্তু ঠিক রেখে বেসরকারি প্রজনন কর্মী প্রশিক্ষণ মেয়াদ হ্রাসপূর্বক ২ মাস তত্ত্বীয় ও ২ মাস ব্যবহারিকসহ মোট ৪ মাসে নির্ধারণ করার প্রস্তাব করেন। দেশীয় গবাদিপশু-পাখির নতুন জাত/উপজাত রেজিষ্ট্রেশনের জন্য কৃষি বিভাগের মত **"বীজ প্রত্যয়ন এজেন্সি"** এর আদলে একটি উইং এবং দেশীয় গবাদিপশু-পাখির জেনেটিক রিসোর্স রক্ষার জন্য IPR (Intellectul Property Rights) বা মেধাস্বত্ব সংরক্ষণের জন্য একটি উইং খোলার গুরুত্ব তুলে ধরেন। জেলা পর্যায়ে সকল বেসরকারি সংস্থার পরিচিতিমূলক স্থায়ী ঠিকানা থাকা আবশ্যক বলে তিনি সভায় মত প্রকাশ করেন।

৪। ডাঃ দেবাশীষ দাশ, পরিচালক, প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা বলেন মিল্ক ভিটা লিঃ তাদের সমবায় সমিতির নিবন্ধিত খামারিদের মাঝে দীর্ঘদিন যাবৎ উন্নত জাতের (জার্সি) ষাঁড়ের বীজ দ্বারা কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনা করছে। অথচ এ কার্যক্রমের বস্তুনিষ্ঠ কোন তথ্য প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করা হয়না। লাইভস্টক সেক্টরের ক্রমবিকশমান অগ্রগতির যথাযথ তথ্য সংগ্রহের লক্ষ্যে সমন্বিত প্রচেষ্টা আবশ্যক। তিনি লাইভস্টক ডেভেলপমেন্ট পলিসি-২০০৭ এর 4.5 1.A(iv) এবং 4.5 1.B(iv) অনুচ্ছেদ অনুযায়ী জার্সি জাতের পারফরমেন্স বিষয়ক একটি সেমিনার আয়োজনের মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করার অনুরোধ জানিয়ে মিল্ক ভিটাকে পত্র প্রেরণের প্রস্তাব করেন।

৫। জনাব দীপক রঞ্জন রায়, পরিচালক, সম্প্রসারণ বেসরকারী পর্যায়ে পরিচালিত কৃত্রিম প্রজনন কার্যক্রমের মাসিক প্রতিবেদন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক যথাসময়ে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয় এবং প্রধান কার্যালয়ে প্রেরণের বিষয়ে গুরুত্ব প্রদান করেন। তিনি প্রতিটি সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের মাঠ পর্যায়ের দপ্তরের দৃশ্যমান স্থানে "কৃত্রিম প্রজনন নির্দেশিকা-২০১৯" টাঙানোর উপর বিশেষ গুরুত্বারোপ করেন।

৬। প্রফেসর ড. মোঃ মোশারফ উদ্দিন ভূঞা, সার্জারী এন্ড অবস্টেট্রিক্স বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ কৃষক খামারীদের বিভ্রান্তি এড়াতে সকল প্রতিষ্ঠানের সিমেন স্ট্রতে মুদ্রিত তথ্যাদি একই ফরমেটে করার উপর গুরুত্ব দেন।

৭। ডাঃ হীরেশ রঞ্জন ভৌমিক, এসিআই এর প্রতিনিধি আলোচনায় অংশগ্রহণ করে বলেন, এসিআই-এর বর্তমান কর্মীর সংখ্যা-২৫৪৯ জন, সুবিধাবঞ্চিত এলাকায় অন্য পার্শ্ববর্তী এলাকার কর্মী নিযুক্ত করার সুযোগ থাকা দরকার।

৮। প্রফেসর ড. লাম ইয়া আসাদ, এনিম্যাল নিউট্রিশন, জেনেটিক এন্ড ব্রিডিং বিভাগ, এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি অনুষদ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা জানান, পাওয়ার পয়েন্টে উপস্থাপিত তথ্য অনুযায়ী দেশে বিদ্যমান প্রজননক্ষম গাভীর প্রজনন করতে প্রয়োজনের তুলনায় প্রজনন কর্মী সংখ্যা উদ্বৃত্ত রয়েছে। এ প্রেক্ষিতে বেসরকারী সংস্থা কর্তৃক নতুন প্রজনন কর্মী নিয়োগ নিরুৎসাহিত করা জরুরী। যথাযথভাবে প্রজনন কার্যক্রম তদারকি, কাজের মান নিয়ন্ত্রণ এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের জবাবদিহিতা নিশ্চিতকরনে আপাততঃ নতুন কোন বেসরকারী সংস্থাকে কৃত্রিম প্রজনন কাজের অনুমোদনদানে বিরত থাকা প্রয়োজন।

৯। ড. গৌতম কুমার দেব, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএলআরআই, সাভার, ঢাকা উল্লেখ করেন প্রজনন ষাঁড়ের প্রত্যয়ন প্রক্রিয়া পূর্বের মতই ঠিক রেখে সিমেন স্ট্রতে পারসেন্ট উল্লেখ না থাকাই যুক্তিযুক্ত। এতে দেশে ধারাবাহিক জাত উন্নয়নের প্রধান অন্তরায় যেনতেন প্রকারে ১০০% ফ্রিজিয়ান বুল মাঠে প্রেরণের নেতিবাচক প্রতিযোগিতা পরিহার করে মেরিটসম্পন্ন ভাল বুল তৈরীর প্রতিযোগিতা তৈরী হবে। মাঠ পর্যায়ে টেকসই দুধের গাভী তৈরীর জন্য উপস্থাপিত ১০০% হলিস্টিন ফ্রিজিয়ান জাতের সিমেনের ব্যবহারের নির্দেশনাকে সম্পূর্ণরূপে সমর্থন করেন এবং মাঠ পর্যায়ে তা বাস্তবায়নের তাগিদ দেন।

১০। সভাপতি, NTRC বলেন, বেসরকারি কৃত্রিম প্রজনন কর্মীগণ ডিলারশীপের মাধ্যমে একাধিক প্রতিষ্ঠানের সরবরাহকৃত ষাঁড়ের বীজ নিয়ে মাঠপর্যায়ে সেবা দিয়ে থাকেন। অধিকাংশ ক্ষেত্রে বীজের উৎস, ধারাবাহিক বংশক্রম, জাতের বিশুদ্ধতা সম্পর্কিত ইত্যাদি তথ্য থাকে না। খামারীরা কৃত্রিম প্রজননে মৌলিক বিষয়সমূহ জানেন না বিধায় পারসেন্টেজ উল্লেখ পূর্বক (যেমন ১০০%, ৭৫% ইত্যাদি) বীজ সংগ্রহে আগ্রহ দেখান এবং অনেক সময় প্রতারিত হন যা অনভিপ্রেত। খামারিদের ভ্রান্ত ধারণা দূরিকরণে এবং কৃত্রিম প্রজননের উদ্দেশ্য অবহিত করণের ক্ষেত্রে এআই কর্মীদের বিশেষ ভূমিকা রয়েছে। মাঠকর্মীগণ প্রতিটি কৃত্রিম প্রজনন কাজ সম্পাদনের পূর্বে সংশ্লিষ্ট খামারীদের ৫-১০ মিনিটের মোটিভেশন প্রদান করতে পারেন। কৃত্রিম প্রজনন কার্যক্রম Sensitive and highly technical বিধায় বেসরকারি পর্যায়ে নিয়োগপ্রাপ্ত এআই কর্মীদের দক্ষ প্রশিক্ষকের মাধ্যমে হাতে কলমে যথাযথ প্রশিক্ষণ আবশ্যক। প্রশিক্ষনের অংশ হিসেবে সাভার দুগ্ধ খামারে অবস্থিত কৃত্রিম প্রজনন ল্যাবরেটরি ও বুল রেয়ারিং ইউনিট পরিদর্শনের ব্যবস্থা করলে এআই কর্মীগণ অধিক অভিজ্ঞতা অর্জন করবে।

গত সভার সিদ্ধান্তানুসারে আমেরিকান ডেইরী লিঃ এর প্রাপ্ত জবাব পর্যালোচনা করে তা যথাযথ বিবেচিত হয়নি বিধায় প্রতিষ্ঠানটিকে জবাব স্পষ্টীকরণ করতে হবে।

আরডিএ, বগুড়া কর্তৃক কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনা ও বুল স্টেশনের নিবন্ধন প্রাপ্তির আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক পরিদর্শনপূর্বক পরবর্তী সভায় প্রতিবেদন উপস্থাপনের পরামর্শ দেন। তাদের কার্যক্রম বাণিজ্যিক উদ্দেশ্যে পরিচালিত হবে কিনা তা উপকমিটির প্রতিবেদনে উল্লেখ থাকা দরকার। সরকারের অগ্রাধিকার প্রকল্পের মাধ্যমে চলমান কার্যক্রম আন্তঃ মন্ত্রণালয় সহযোগিতার বিষয়ে লক্ষ্য রেখে দ্রুত প্রতিবেদন দাখিলের জন্য উপকমিটি প্রযোজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

পশুরোগ বিধিমালা-২০০৮ এর বিধি-১৮ এবং কৃত্রিম প্রজনন নীতিমালা-২০১৬ এর ১.৩ অনুচ্ছেদে উল্লেখিত শর্তানুযায়ী প্রজনন ষাঁড় ও সিমেন আমদানির পূর্বে মিল্ক ভিটাকে শুক্রানু সংগ্রহ ও প্রক্রিয়াজাতকরণ কারখানার নিবন্ধন গ্রহণের প্রয়োজনীয়তার বিষয় উল্লেখ করেন। সে পর্যন্ত তাদের সংযোগ খামারীদের সেবা অব্যাহত রাখতে সরকারি-বেসরকারি প্রজনন কর্মীর সহায়তা গ্রহণ করতে পারবে।

১১।সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১১.১ | ২৩/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী কোনরূপ সংশোধনী ব্যতীত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | NTRC |
| ১১.২ | ১১.২.১ কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনায় বর্তমান সংখ্যার অতিরিক্ত প্রজনন কর্মী নিয়োগ নিরুৎসাহিত করা হবে। তবে ২৩-০৯-২০২১ এর ১২.২ নং সিদ্ধান্ত মোতাবেক সুবিধাবঞ্চিত এলাকাকে অগ্রাধিকার দিয়ে কার্যক্রম সম্প্রসারণ করা যেতে পারে।<br>১১.২.২ প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে এবং NTRC এর সুপারিশ মোতাবেক মহাপরিচালক কর্মএলাকা (ইউনিয়ন) অনুমোদন দিবেন। এরপর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বিধি মোতাবেক কর্মী নিয়োগ ও প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবে।<br>১১.২.৩ বেসরকারি সকল প্রজনন কর্মীর প্রশিক্ষণ প্রাণিসম্পদ অধিদপ্তরের তত্ত্বাবধানে স্বীকৃত প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে গ্রহণ করতে হবে। প্রাণিসম্পদ অধিদপ্তরের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার সনদপত্র ব্যতীত কৃত্রিম প্রজনন কার্যক্রমে অংশ নিতে পারবে না।<br>১১.২.৪ কৃত্রিম প্রজনন পরিচালনার নীতিমালা-২০১৬ এর ৩.২.১ অনুচ্ছেদে মন্ত্রণালয় অনুমোদিত সিলেবাসের বিষয়বস্তু ঠিক রেখে ৪ মাস তাত্ত্বিক ও ২ মাস ব্যবহারিক মোট ৬ মাসের পরিবর্তে ২ মাস তাত্ত্বিক ও ২ মাস ব্যবহারিকসহ প্রশিক্ষণ মেয়াদ মোট ৪ মাস কার্যকর করার সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১১.২.৫ প্রস্তুতকৃত ডাটাবেইজ অনুযায়ী প্রত্যেক কর্মীকে প্রাণিসম্পদ অধিদপ্তরের আইডি গ্রহণ করতে হবে।<br>১১.২.৬ প্রজনন নীতিমালা ও প্রজনন নির্দেশিকা অনুসরণ, কাজের মান নিয়ন্ত্রণ, রেকর্ড সংরক্ষণ, রিপোর্টিং ইত্যাদি বিষয়ে দক্ষতা ও সচেতনতা বাড়াতে নিয়মিত কর্মী অবহিতকরণ সভা, ক্যাম্পেইন, ওয়ার্কসপ ইত্যাদি আয়োজন করতে হবে। উক্ত কর্মসূচীতে অধিদপ্তরের স্থানীয় কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>১১.২.৭ নতুন কোন বেসরকারি ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠানকে আপাততঃ কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার অনুমতি না দেয়ার সুপারিশ করা হলো। | কৃত্রিম প্রজনন কাজে ডিএলএস কর্তৃক অনুমোদনপ্রাপ্ত বেসরকারীসংস্থা, মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর এবং পরিচালক, কৃত্রিম প্রজনন |

| | | |
|---|---|---|
| | ১১.২.৮ জেলা পর্যায়ে স্থায়ী কারিগরী জনবল নিয়োগ সম্পর্কিত ২৫-০৩-২০২১ তারিখের সভার কার্যবিবরণীর ১৩.২(ক) নং সিদ্ধান্ত কঠোরভাবে প্রতিপালনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১১.২.৯ জেলা/উপজেলা পর্যায়ে মাসিক প্রতিবেদন দাখিল শতভাগ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১১.৩ | ১১.৩.১ কৃত্রিম প্রজনন নির্দেশিকা-২০১৯ কঠোরভাবে অনুসরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১১.৩.২ ১০০% হলিস্টিন ফ্রিজিয়ান জাতের সিমেনের সঠিক ব্যবহার হবে নিম্নরূপ<br>✓ ১০০% হলিস্টিন ফ্রিজিয়ান জাতের বুলের সিমেন জাতীয় প্রজনন নীতিমালা (২০০৭) অনুসরণে গবাদিপশুর কৃত্রিম প্রজনন নির্দেশিকা (২০১৯) অনুসারে শুধুমাত্র স্বচ্ছল ও সর্বোচ্চ ইনপুট সরবরাহে আগ্রহী খামারীর দেশী গাভী/বকনাকে প্রজনন করা যাবে।<br>✓ আধুনিক প্রযুক্তি ও নিবিড় ব্যবস্থাপনায় (তাপমাত্রা, আদ্রতা নিয়ন্ত্রিত বাসস্থান ও উচ্চ পুষ্টিমান সম্পন্ন খাদ্য) প্রতিপালিত হলস্টিন ফ্রিজিয়ান শংকর গাভীতে ব্যবহার করা যাবে।<br>✓ নিম্ন ও মধ্যম মানের ব্যবস্থাপনায় প্রতিপালিত হলিস্টিন ফ্রিজিয়ান শংকর জাতের গাভী/বকনাকে এবং অন্যান্য জাতের গাভী/বকনাকে প্রজনন করা যাবে না যাতে ৫০% হলিস্টিন ফ্রিজিয়ান জাতের বেশী ব্লাড লেভেলের গাভী ও মিশ্রিত জাত তৈরী না হয়।<br>✓ বুল স্টেশনের নিজস্ব মাদার হার্ডে ৫০% হলিস্টিন ফ্রিজিয়ান জাতের বুল তৈরীতে ব্যবহার করা যাবে।<br>১১.৩.৩ ২৫-০৩-২০২১ তারিখের সভার কার্যবিবরণীর ১৩.৪(৯) নং সিদ্ধান্ত মোতাবেক হলিস্টিন ফ্রিজিয়ান ১০০% এর কাছাকাছি রাখার প্রবনতা পরিহার করে ৫০%-৭৫% এর মধ্যে সীমিত রাখার বিষয়ে গৃহীত সিদ্ধান্ত কঠোরভাবে বাস্তবায়নের তাগিদ পুনর্ব্যক্ত করা হয়।<br>১১.৩.৪ ২৫-০৩-২০২১ তারিখের সভার কার্যবিবরণীর ১৩.৪(১০) নং সিদ্ধান্ত মোতাবেক দুধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে শাহিওয়াল ও তাদের সংকর জাতের বুলের ব্যবহার সীমিত করে হলিস্টিন ও তাদের সংকর জাতের বুল ব্যবহার বৃদ্ধি করার সিদ্ধান্ত পুর্নব্যক্ত করা হয়। | বেসরকারী সংস্থা, উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এবং উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ১১.৪ | ১১.৪.১ সিমেন স্ট্রতে সরবরাহকারী কৃত্রিম প্রজনন সংস্থার নাম, উৎপাদনের তারিখ, জাত, বুল আইডি, বুলের নাম এবং প্রতিষ্ঠানের নিজস্ব ইউনিক চিহ্ন তথ্যসমূহ ধারাবাহিকভাবে উল্লেখ থাকতে হবে।<br>১১.৪.২ প্রজনন ষাঁড়ের প্রত্যয়ন প্রক্রিয়া পূর্বের মতই থাকবে কিন্তু সিমেন স্ট্রতে জাতের উল্লেখ হবে নিম্নরূপ- ১০০% হলিস্টিন, ১০০% শাহিওয়াল, HFCross এবং SLCross.<br>১১.৪.৩ সকল বেসরকারি কৃত্রিম প্রজনন সংস্থার ২০২৬ সালের মধ্যে বুল মাদার হার্ড বাধ্যতামূলকভাবে প্রতিষ্ঠা করতে হবে। | বেসরকারী সংস্থা, পরিচালক, কৃত্রিম প্রজনন |
| ১১.৫ | বেসরকারী সংস্থার এআই কার্যক্রমের রেকর্ড সংরক্ষণ নিশ্চিত করার জন্য কৃত্রিম প্রজনন রেজিষ্ট্রারের ব্যবহার বাধ্যতামূলক করার গৃহীত সিদ্ধান্ত পুনর্ব্যক্ত করা হয়। | বেসরকারী সংস্থা, পরিচালক, কৃত্রিম প্রজনন |
| ১১.৬ | প্রজনন ষাঁড় সমূহের প্রজেনী পারফরমেন্স সংরক্ষণ করা এবং পিডিগ্রি ও পারফরমন্সে সম্পর্কীত অধিকতর গ্রহণযোগ্য প্রমানক সংরক্ষণ বিষয়ে গৃহীত সিদ্ধান্ত পুর্নব্যক্ত করা হয়। | ঐ |
| ১১.৭ | অননুমোদিত জাতের প্রজনন ষাঁড় (ফ্রেকভি ও ব্রাহমা ইত্যাদি) দ্বারা মাঠ পর্যায়ে কৃত্রিম প্রজনন করা এবং মাসিক প্রতিবেদন দাখিল না করার কারনে আমেরিকান ডেইরী লিঃ এর নিকট ব্যাখ্যা চাওয়ার প্রেক্ষিতে প্রাপ্ত জবাব সন্তোষজনক না হওয়ায় প্রতিষ্ঠানটিকে পুনরায় জবাব দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর |
| | ১১.৮.১ ব্র্যাক বুল এন্ড বাক স্টেশন, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ এবং লালতীর লাইভস্টক ডেভলপমেন্ট (বিডি) লিঃ এর নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন সন্তোষজনক হওয়ায় শর্ত সাপেক্ষে প্রতিষ্ঠান দুইটির নিবন্ধন নবায়ন করার সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর |
| | ১১.৮.২ আমেরিকান ডেইরী লিঃ এর নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক পরিদর্শনপূর্বক প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট উপকমিটি |
| ১১.৮ | ১১.৮.৩ আরডিএ'র নিবন্ধন প্রাপ্তির আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক পরিদর্শনপূর্বক প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় (উপকমিটি প্রতিবেদনে- আরডিএ দেশের কোন কোন এলাকার খামারিদের গবাদিপশু তাদের তত্ত্বাবধানে কৃত্রিম প্রজননের আওতায় আনবে, কোন সরকারী অগ্রাধিকার প্রকলের আওতায় বেনিফিসিয়ারীদের সুবিধা দেয়া হবে কিনা, কৃত্রিম প্রজননের উদ্দেশ্যে সংগৃহিত ষাঁড়ের সিমেন বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার হবে কিনা এসব তথ্যসহ আনুসঙ্গিক তথ্য উল্লেখ করবেন)। | সংশ্লিষ্ট উপকমিটি |
| | ১১.৮.৪ পশুরোগ বিধিমালা-১৮ অনুযায়ী মিল্ক ভিটাকে শুক্রানু সংগ্রহ ও প্রক্রিয়াজাতকরণ কারখানার নিবন্ধনের আবেদন করার এবং লাইভস্টক ডেভেলপমেন্ট পলিসি-২০০৭ এর 4.5 1.A(iv) এবং 4.5 1.B(iv) অনুযায়ী জার্সি জাতের পারফরমেন্স একটি সেমিনারের মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করতে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর এবং মিল্ক ভিটা |

| | | |
|---|---|---|
| ১১.৯ | ১১.৯.১ এসিআই কর্তৃক উপস্থাপিত ৩৯টি প্রজনন ষাঁড়ের মধ্যে ২৭টি ষাঁড়কে প্রত্যয়নের সুপারিশ করা যেতে পারে।<br>১১.৯.২ লালতীর কর্তৃক উপস্থাপিত ১৭টি প্রজনন ষাঁড়ের মধ্যে ১৭টি ষাঁড়কে প্রত্যয়নের সুপারিশ করা যেতে পারে।<br>১১.৯.৩ ব্র্যাক, ময়মনসিংহ কর্তৃক উপস্থাপিত ১০টি প্রজনন ষাঁড়ের মধ্যে ৪টির প্রত্যয়নের সুপারিশ করা যেতে পারে।<br>১১.৯.৪ ইজাব কর্তৃক উপস্থাপিত ৫টি প্রজনন ষাঁড়কে অধিকতর প্রমানক দাখিল সাপেক্ষে প্রত্যয়নের সুপারিশ করা যেতে পারে। | পরিচালক, কৃত্রিম প্রজনন |
| ১১.১০ | **বিভিন্ন প্রকার গবাদিপশু, সিমেন, এমব্রায়ো ইত্যাদি আমদানি ও রপ্তানি সংক্রান্ত কারিগরি উপকমিটির সুপারিশ পর্যালোচনান্তে গৃহীত সিদ্ধান্ত ঃ**<br>১১.১০.১ এসিআই কর্তৃক হলিস্টিন ফ্রিজিয়ান জাতের ৫০০০ ডোজ সিমেন এবং ৬০০ ডোজ সেক্সড সিমেন আমেরিকা ও কানাডা হতে আমদানির সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১১.১০.২ এ.এম.এম.সি. গোট ফার্ম দক্ষিণ আফ্রিকা হতে ১০০০ বোয়ার গোট আমদানির সুপারিশ না করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১১.১০.৩ আমেরিকান ডেইরী লিঃ কর্তৃক হলিস্টিন ফ্রিজিয়ান জাতের ৫০০ ডোজ সিমেন এবং ৫০০ ডোজ এমব্রায়ো এবং ২০টি ষাঁড় বাছুর উন্নত প্যারামিটার দেশ বা অঞ্চল হতে আমদানির শর্তে সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১১.১০.৪ মিল্ক ভিটা কর্তৃক শুক্রানু সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরণ কারখানার নিবন্ধন গ্রহণ সাপেক্ষে হলিস্টিন ফ্রিজিয়ান জাতের ০৪টি প্রজনন ষাঁড় উন্নত প্যারামিটার দেশ বা অঞ্চল হতে আমদানির সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১১.১০.৫। রংপুর পোল্ট্রি লিঃ কর্তৃক হলিস্টিন ফ্রিজিয়ান জাতের ২০০টি গর্ভবতী বকনা এবং ১,০০০ ডোজ সিমেন আমদানির সুপারিশকরার সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর |
| ১১.১১ | ১১.১১.১ দেশীয় গবাদিপশু এবং পাখির নতুন জাত/উপজাত রেজিষ্ট্রেশন জন্য কৃষি বিভাগের মত **"বীজ প্রত্যয়ন এজেন্সি"**এর আদলে একটি উইং খোলার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য এনটিআরসি এর পক্ষ থেকে মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তরকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১১.১১.২ দেশীয় গবাদিপশু এবং পাখির জেনিটিক রিসোর্স রক্ষার জন্য IPR (Intellectual Property Rights) বা মেধাস্বত্ত্ব সংরক্ষণের জন্য একটি উইং খোলার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর |
| ১১.১২ | লালতীর লাইভস্টক ডেভেলপমেন্ট (বিডি) লিঃ, ভালুকা, ময়মনসিংহ কে NTRC কমিটিতে কো-অপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর |
| ১১.১৩ | পূর্ববর্তী সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ অধিকতর আন্তরিকতার সাথে প্রতিপালন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বেসরকারী সংস্থা, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

**(এস এম ফেরদৌস আলম)**
অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২)
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ও
সভাপতি, NTRC।